

ক্যান্টনমেন্ট বোর্ড অফিস  
ঢাকা ক্যান্টনমেন্ট  
ঢাকা  
===

নং-ঢাকাবো/জিএ/৯/১৬/১১০

তারিখ: ১১ শ্রাবণ, ১৪০০ বাংলা  
২৬ জুলাই, ১৯১৩ ইং।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০-৭-১৩ ইং তারিখের সভার কার্য বিবরণী।  
=====

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রেসিডেন্ট কর্নেল মোঃ শাহজাহান মিয়া'র সভাপতিত্বে ২০-৭-১৩ ইং  
বেলা ১১-০০ ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে বোর্ডের নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সদস্যবর্গের  
উপস্থিতি ছিল নিম্নরূপ :-

- |     |   |                        |
|-----|---|------------------------|
| ১।  | লেঃ কর্নেল মহঃ আসাদুল ইসলাম,<br>সি এম ই এস (অর্ধি),<br>ঢাকা সেনানিবাস।                  | - সদস্য - উপস্থিত।     |
| ২।  | ক্যাপ্টান লীডার মোঃ সফিউল ইসলাম, এ এন্ড এস ডি,<br>বি এ এফ বেস বাগান,<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য - উপস্থিত।     |
| ৩।  | মেজর মোঃ শামছুল হক,<br>অধিনায়ক, এস এইচ ও,<br>ঢাকা সেনানিবাস।                           | - সদস্য - উপস্থিত।     |
| ৪।  | লেঃ এম এন ইসলাম (এস ডি) (এস) বি এন,<br>বি এন এস হাজী মহসিন,<br>ঢাকা সেনানিবাস।          | - সদস্য - উপস্থিত।     |
| ৫।  | জনাব মোঃ আজিজ খান,<br>১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা,<br>ঢাকা সেনানিবাস।              | - সদস্য - উপস্থিত।     |
| ৬।  | ছাঃ লেঃ এ বি এম এ রশিদ (অবঃ)<br>ডি ও এইচ এস বনানী,<br>ঢাকা সেনানিবাস।                   | - সদস্য - উপস্থিত।     |
| ৭।  | জনাব মোঃ আবদুল ওয়াহাব,<br>প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট,<br>জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা।  | - সদস্য - উপস্থিত।     |
| ৮।  | লেঃ কর্নেল শামছুল হক (অবঃ)<br>ডি ও এইচ এস বনানী এর প্রতিনিধি।                           | - উপস্থিত।             |
| ৯।  | উইং কমান্ডার এম, শামছুর রহমান (অবঃ)<br>ডি ও এইচ এস বনানী এর প্রতিনিধি।                  | - উপস্থিত।             |
| ১০। | কমান্ডার টি আই এম নূরুল বকী (অবঃ)<br>ডি ও এইচ এস মহাখালী এর প্রতিনিধি।                  | - উপস্থিত।             |
| ১১। | লেঃ কর্নেল শামছুল আলম জোয়ারদার (অবঃ)<br>ডি ও এইচ এস মহাখালী এর প্রতিনিধি।              | - উপস্থিত।             |
| ১২। | জনাব মোঃ আবদুল করিম,<br>ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার<br>ঢাকা ক্যান্টনমেন্ট।         | - সেক্রেটারী- উপস্থিত। |

বোর্ডের সম্মুখিত সদস্যবর্গকে সূচনাত জালাইয়া সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন। বিদ্যুতির  
আলোচনায় সভার আলোচ্য সূচী মোতাবেক নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ সভায় গৃহীত হয় :-

প্রস্তাব নং-১ঃ গত ১৯-৬-১৩ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড মিটিংয়ের কার্য বিবরণী অনুমোদন এবং গৃহীত  
সিদ্ধান্ত কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া।

২য় পৃঃ দ্রঃ

স্বীকৃত সিদ্ধান্তঃ- গত ১১-৬-১৩ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড মিটিংয়ের গৃহীত সিদ্ধান্ত সমূহ সম্পর্কে অবহিত হইয়া উক্ত সভার কার্য বিবরণী অনুমোদন করা গেল। তবে গত ১৫-৫-১৩ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ডের কার্য বিবরণী ১৪(৩) এ মহাখালী ডি ও এইচ এস এলাকায় পুলিশ ব্যারাক নির্মাণের বিষয়ে যে সিদ্ধান্ত গৃহন করা হয় উহাতে মহাখালী ডি ও এইচ এস এলাকার সম্মানিত প্রতিনিধি কমান্ডার টি আই এম নূরুল নবী(অবঃ) এর আপত্তি রহিয়াছে।

প্রস্তাব নং-২ঃ এস ই এম গুর মে, ১১১৩ ইং মাসের মাসিক স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া

স্বীকৃত সিদ্ধান্তঃ- উক্ত স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া গেল।

প্রস্তাব নং-৩ঃ শহীদ রমিজ উদ্দিন উচ্চ বিদ্যালয় সংলগ্ন ১০(দেশ) টি বাসা পর্যায়ক্রমে বিভিন্ন শিক্ষক/শিক্ষিকাদের নামে বরাদ্দের বিষয় বিবেচনা করা।

স্বীকৃত সিদ্ধান্তঃ- বিষয়টি পরবর্তীতে বিবেচনা করা হইবে। তবে শিক্ষকদের বাসার অপ্ৰতুলতার প্রেক্ষিতে ৪৮ নং স্ট্রাক কোয়ার্টারের তৃতীয় তলা জরুরী ভিত্তিতে নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-৪ঃ অতিথি নিয়ন্ত্রন আদেশ, ১১৮৪ এর আলোকে সেনাকুন্ডের অতিথি আপ্যায়নের উপর কি আদায় করণ প্রসঙ্গে আলোচনা করা।

স্বীকৃত সিদ্ধান্তঃ- অতিথি নিয়ন্ত্রন আদেশ ১১৮৪ মোতাবেক অতিথি আপ্যায়ন কি জেনা প্রশাসক/থানা নির্বাহী অফিসারের কার্যালয়ে পরিশোধ করা হয় বিধায় উক্ত কি ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য প্রযোজ্য নহে।

প্রস্তাব নং-৫ঃ কচুক্ষেত বাজারের উত্তর পশ্চিম কোণায় খালি জায়গায় একটি আধুনিক শপিং কমপ্লেক্স নির্মাণের বিষয়ে আলোচনা করা।

স্বীকৃত সিদ্ধান্তঃ- উক্ত খালি জায়গায় প্রিতল বিশিষ্ট একটি আধুনিক শপিং কমপ্লেক্স নির্মাণের ব্যাপারে বর্তমান ভাবে অনুমোদন করা গেল। তবে উক্ত ভবনের নীচ তলায় গাড়ী পার্কিং, দোতলায় শপিং কমপ্লেক্স এবং তৃতীয় তলায় সিনেমা হল নির্মাণ করা যাইতে পারে। সমগ্র কমপ্লেক্সের নির্মাণ ব্যয় বহন করতঃ উহা হইতে প্রাপ্ত আয়ের ৩০% ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডকে প্রদানের জন্য সেনাসদর, কল্যাণ পরিদপ্তরকে অনুরোধ করা গেল।

বিমু বর্ষিত প্রকল্পগুলির সর্বনিম্ন/সর্বোচ্চ দরপত্র অনুমোদনের বিষয় বিবেচনা করা :-

প্রকল্পের নাম	দরপত্রের তারিখ	প্রাকলিত অর্থ	সর্বনিম্ন দরপত্রাদাতার নাম/ঠিকানা	উদ্ভূত সর্বনিম্ন দর	মনুবা
---------------	----------------	---------------	-----------------------------------	---------------------	-------

টি সোডিয়াম ১৭-৭-১৩ - মেসার্স কিরো লিমিটেড, ১১৯/এ, সেগুন বাগিচা, ঢাকা। প্রতিটি ১,৪৩৭/- টাকা করে (নব-সিডিউল আইটেম)

মহাখালী ডিওএইচএস ২৬-৬-১৩ ১,৭৭,৪৩৬/- মেসার্স মনি ট্রেডিং ২৪% উর্ধে পুনঃ দরপত্র  
এলাকার ৩২ নং রোডের  
কম্পিউটার নির্মাণ।

মহাখালী ডিওএইচএস ২৬-৬-১৩ ৭,৫৬,০০০/- মেসার্স চাষী ২৭.৫০% উর্ধে  
এলাকায় সি এস ডি ভবন  
নির্মাণ।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ৩১-৫-১৩ ৬,০০০/- মোঃ আবদুল জলিল ১০,৫০০/০০ বিলাম ডাক  
এলাকা ও প্রধান সড়কের  
পাথ যাহা ঘর্ষি ঝড়ে বিধস্তু  
হইয়াছিল তীহার নির্মাণ। কচুক্ষেত পুরান বাজার।

ক্রমিক নং-১ মেসার্স কিরো লিমিটেড ১১৯/এ সেগুন বাগিচা, ঢাকা কর্তৃক প্রদত্ত সোডিয়াম বালের  
গুনগতমান পরীক্ষানু সঠিক না পাওয়ায় দরপত্রের দ্বিতীয় সর্বনিম্ন দরদাতা মেসার্স দুলাল  
একটারপ্রাইজ ৪২ জোপখানা রোড, ঢাকা কর্তৃক প্রদত্ত বালের গুনগতমান সঠিক পাওয়ায় সংশ্লিষ্ট  
প্রতিষ্ঠানের দাখিলকৃত প্রতিটি ১,১৫০.০০ টাকা হারে দর অনুমোদন করা গেল। ক্রমিক নং-  
২ এর ২৪% উর্ধে দরের পরিবর্তে ২২% উর্ধে দর এবং ক্রমিক নং-৩ এর ২৭.৫০% উর্ধে দরের  
পরিবর্তে ২২% উর্ধে দর অনুমোদন করা গেল। এতদ্বিষয়ে সংশ্লিষ্ট ঠিকাদারের সম্মতি গ্রহন সাপেক্ষে  
কার্যাদেশ প্রদান করা হউক। অন্যথায় পুনঃ দরপত্র আহবান করা হোক। ক্রমিক নং-৪ এর  
সর্বোচ্চ বিলাম ডাক মোট ১০,৫০০.০০ টাকা অনুমোদন করা গেল।

বিমু বর্ষিত প্রকল্পগুলির মূল্যানুমান অনুমোদন করা :-

ক্রমিক নং	প্রকল্পের নাম	প্রাকলিত অর্থ	মৌজিকতা/মনুবা
-----------	---------------	---------------	---------------

১) সেনাপত্নী উচ্চ বিদ্যালয়ের মহিলা ১১,২৩,২০০.০০ টাকা মহিলাদের টয়লেট ও দোতলা  
টয়লেট ও দোতলা নির্মাণ। সম্প্রসারণ অত্যাবশ্যকীয় ইতিমধ্যে  
এ ব্যাপারে ১০,০০,০০০.০০  
(দশ লক্ষ) টাকার অনুদান পাওয়া  
গিয়াছে।

২) মসলিম ঘর্ষা একাডেমীর ঘাট ২,১১,৬০০.০০ টাকা ঘাটটি খোলা-ধুলার উপযোগী করার  
উন্নয়ন। জন্য।

৩) ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮,৪৮,৮৭০.০০ টাকা পিককদের বাসার সমস্যা সমাধান  
৫৫ নং স্ট্রাক কোয়ার্টারের  
হাতী তলা নির্মাণ। প্রয়োজন।

ক্রমিক নং-১, ২ এবং ৩ এর মূল্যানুমান অনুমোদন করা গেল। চূড়ান্ত অনুমোদনের জন্য সাত্তসে  
অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

ক্রমিক নং-৪: মহাখালী ডিওএইচএস এলাকার ২০০ নং পুটের সংশোধিত নক্সা অনুমোদন। এ প্রসঙ্গে পুট  
বরাদ্দলাভকারী অফিসারের ১১-৬-১৩ ইং তারিখের দরখাস্ত এবং আনুসাংগিক কাগজপত্রাদী  
উপস্থাপন করা গেল।

ক্রমিক নং-৫: বিশেষ কেইস হিসাবে সংশ্লিষ্ট অফিসারের দরখাস্তে বর্ষিত বিষয়াদী বিষয়টির পর্যালোচনায় ২০ নং  
পুটের সংশোধিত নক্সা অনুমোদন করা গেল।  
০৫ গুণ

প্রস্তাব নং-৯ঃ মহাখালী ডি ও এইচ এস এলাকায় অননুমোদিত নির্মান কাজ সম্পর্কে সেনাসদরের ১৬-৫-৯৩ ইং তারিখের ৩৯ ১৭/৮/অফিসার/এমকিউ-৩ নং পত্রের নির্দেশের প্রেক্ষিতে কার্যক্রম গ্রহণের বিষয় বিবেচনা করা। উক্ত পত্র এবং সংশ্লিষ্ট কাগজাদী উপস্থাপন করা গেল।

গৃহীত সিদ্ধান্তঃ- সেনাসদর, কিউ এম জির শাখা, ঢাকা সেনাবিবাসের সুত্রোক্ত পত্রের আলোকে অননুমোদিত সকল নির্মান কাজ উঠাইয়া দেওয়ার ব্যাপারে এবং ভবিষ্যতে যাহাতে অননুমোদিত নির্মান কাজ না করা হয় তজ্জন্য সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য সি ই ও, ঢাকাকে অনুরোধ করা গেল।

প্রস্তাব নং-১০ঃ মহাখালী ডি ও এইচ এস এলাকায় নিরাপত্তা দায়িত্বে নিয়োজিত শেরীফ সিকিউরিটি সার্ভিসেস লিঃ এর মেয়াদ বৃদ্ধির বিষয় বিবেচনা করা। এতদ্বিষয়ে সাতুসে অধিদপ্তরের সংশ্লিষ্ট পত্র উপস্থাপন করা গেল।

গৃহীত সিদ্ধান্তঃ- শেরীফ সিকিউরিটি সার্ভিসেস লিঃ এর সার্ভিসেস নিষেধকর্তৃত্ব এবং প্র ব্যাপারে পর্যাপ্ত চেষ্টা আদায় হয় না। সাতুসে অধিদপ্তর এক্ষেত্রে নতুন সিদ্ধান্ত প্রদান করিবেন।

প্রস্তাব নং-১১ঃ গত ১৯-৬-৯৩ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ১২ নং সিদ্ধান্ত এর আলোকে ঢাকা ক্যান্ট আবাসিক এলাকায় অবস্থিত ১০৫ নং প্লটে অবস্থিত বাড়ীর নাম জারি করনের বিষয় বিবেচনার নিমিত্ত প্রেস্টা মিসেস ইয়াসমিন মাহমুদের আবেদন ও সংশ্লিষ্ট কাগজ পত্র সভায় উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- ক্যান্ট আবাসিক এলাকার ১০৫ নং প্লট নং-১১১ প্লট ও প্লটে অবস্থিত বাড়ীর নাম জারির নিমিত্ত মিসেস ইয়াসমিন মাহমুদের ১৪-১০-৮৬ ইং এবং ১০-৬-৯৩ ইং তারিখের আবেদন, ক্যান্ট বোর্ডের আইন উপদেষ্টার ২৫-৭-৮৯ ইং এবং ১২-৭-৯৩ ইং তারিখের আইনগত মতামত ও সংশ্লিষ্ট কাগজপত্র/নথিপত্র পর্যালোচনা করিয়া নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হইল :-

(ক) উক্ত প্লট ও প্লটে অবস্থিত বাড়ীটি যে কয়েকবার অন্য/বিভিন্ন বা হস্তান্তর হইয়াছে কিনা বোর্ড কর্তৃক কোন নাম জারি করা হইয়াছে মর্মে রেকর্ডে পাওয়া যাইতেছে না বিধায় মিসেস ইয়াসমিন মাহমুদ হইতে প্রতি বারের হস্তান্তরের জন্য ২,০০০\*০০ টাকা হিসাবে মোট ৬,০০০\*০০ টাকা নাম জারি ফিস গ্রহণ করিতে হইবে।

(খ) মিসেস ইয়াসমিন মাহমুদ কর্তৃক ৬,০০০\*০০ টাকা নাম জারি ফিস পরিশোধ করিলে ১ম বার মেসার্স মেসিস কমার্শিয়াল এর নাম হইতে জনাব এস এম সুলতান আহমদ এর নাম, দ্বিতীয় বার জনাব এস এম সুলতান আহমদের পরিবর্তে মিসেস তাহমিনা খাতুন ও মিসেস ইয়াসমিন মাহমুদের নামে এবং তৃতীয়বার সম্পূর্ণ প্লট ও প্লটে অবস্থিত বাড়ী মিসেস ইয়াসমিন মাহমুদের নামে নাম জারি আদেশ করা হউক।

(গ) ১১-১২-৬২ ইং তারিখে ১৩ ১০৮ নং মূল ইজারা দলিলে বর্ণিত সকল শর্তাবলী মিসেস ইয়াসমিন মাহমুদ মানিয়া চলিতে বাধ্য থাকিবেন মর্মে নন-জুডিশিয়াল ফ্যাক্স অংশীকার নামা প্রদান করিতে হইবে।

(ঘ) ক্যান্ট বোর্ডের ১১-১২-৬২ ইং তারিখের ১৩ ১০৮ নং ইজারা দলিলে বর্ণিত মেয়াদ ৩০ বৎসর ১২-৮-৯২ ইং তারিখে শেষ হইয়া গিয়াছে বিধায় উক্ত নাম জারি নবায়নের উপর ভিত্তি করিয়া কার্যকরি হইবে।

প্রস্তাব নং-১২ঃ ক্যান্ট সুগার মার্কেটের পশ্চিম পার্শ্ব সিঁড়ি সংলগ্ন দোকানদুয় এককালীন ২,৩২,০৮৪\*০০ টাকা সালারী পরিশোধ ও মাসিক ভাড়া ১,৩৯৭\*৫০ টাকা প্রদান সাপেক্ষে মেসার্স বেংগল কানার ফুটা ইন্ডাস্ট্রিজ ৩০ বৎসরের জন্য বরাদ্দ প্রদানের বিষয় অবহিত হওয়া। এই মর্মে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ৬-৭-৯৩ ইং ডাইরী ১৪৫/ডি-৯/৯৩/৩১৯ নং পত্র ও সাতুসে অধিদপ্তরের ১০-৭-৯৩ ইং তারিখের ৭/এমএলএনডসি/ঢাকা/১৩০-এ-২/৩৯ নং পত্র সভায় উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- বিষয়টি অবহিত হওয়া গেল।

- প্রসূাব নং-১৩: খেলা ধুলায় বিশেষ অবদানের জন্য জাতীয় পুরস্কার প্রাপ্ত নং-৮৩০ ১৪২ মোঃ ইয়াদ আলী ও এ-৩ কে কচুক্ষেত ক্যান্ট সুপার মার্কেটে দোকান বরাদ্দের নিমিত্ত নৌ-বাহিনী সদর দপূর, পার্শ্বনেল শাখা, নৌ-কল্যান পরিদপূর, বনানী, ঢাকা এর ২০-৬-৯৩ ইং তারিখের কল্যান/০১০৩/৪/২৫২ নং গএ আলোচনা ও পরবর্তী সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হইল।
- গ্রহীত সিদ্ধান্ত:- অনুরূপ কেইস সাময়িক ভূমি ও সেনানিবাস অধিদপূর কর্তৃক অনুমোদিত না হওয়ায় বর্তমান বিষয়টি বিবেচনা করা গেল না।
- প্রসূাব নং-১৪: ক্যান্ট সুপার মার্কেটের পাকা দোকানের পশ্চিম মুখী ১ হইতে ৪৭ নং দোকানের ভাড়া গত ২৪-১০-৯১ ইং তারিখের ২৭ নং সিদ্ধান্তের মাধ্যমে বৃদ্ধি করা হইয়াছে। বর্তমানে ৪৮ হইতে ৫৭ এবং পূর্ব মুখী নীচ তলার সকল দোকান এবং মাছ, মাংস ও সন্নিহিত দোকানের ভাড়া বৃদ্ধির ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
- গ্রহীত সিদ্ধান্ত:- বিস্মারিত আলোচনায় ক্যান্ট সুপার মার্কেটের পাকা দোকানের নীচ তলার পশ্চিম মুখী ৪৮ হইতে ৫৭ এবং পূর্ব মুখী ৮৪ হইতে ৯৯ এবং ৩৫/এ নং দোকানের প্রতি বর্গফুট ৩\*০০ টাকা হারে ভাড়া পুনঃ ধার্য করা হইল। কাঁচা বাজারের অভ্যন্তরে বরাদ্দকৃত সকল দোকানের (মাছ, মাংস, সন্নিহিত, পান ইত্যাদি) মাসিক ভাড়া ১০০\*০০ টাকা হইতে ৪০০\*০০ টাকা হারে পুনঃ ধার্য করা হইল। ১লা আগস্ট, ৯৩ ইং হইতে বর্ধিত হারে ভাড়া আদায় করিতে হইবে।
- প্রসূাব নং-১৫: ক্যান্ট সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বের পার্ক সংলগ্ন ২১ নং এবং ৩৩ নং দোকানের সারচার্জ মওকুফের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনের জন্য দোকান বরাদ্দলাভকারীদের আবেদন সভায় উপস্থাপন করা হইল।
- গ্রহীত সিদ্ধান্ত:- বিশেষ বিবেচনায় উক্ত দোকানদুয়ের সারচার্জ প্রতিটির জন্য মোট ১,০০০\*০০ টাকা হারে আদায় করার সিদ্ধান্ত গ্রহীত হইল।
- প্রসূাব নং-১৬: সেনাবাহিনী সদর দপূর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, কল্যান ও পুনর্বাসন পরিদপূর, ঢাকা সেনানিবাসের ২৮-৬-৯৩ ইং তারিখের ৪৭১০/১/পুনর্বাসন নং-পএ ও পএর সহিত প্রেরিত ল্যাঃ নায়েক (অবঃ) মোঃ মফিজুল ইসলাম এর আবেদন সভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হইল।
- গ্রহীত সিদ্ধান্ত:- বিশেষ মানবিক বিবেচনায় ১-৭-৯৩ ইং হইতে এক বৎসরের জন্য প্রার্থিত জমি ল্যাঃ নায়েক (অবঃ) মোঃ মফিজুল ইসলামের নামে বরাদ্দ দেওয়া গেল।
- প্রসূাব নং-১৭: পংগু মুক্তিযোদ্ধা জনাব মহিউদ্দিন আহমদ ১০/৮ পল্লবী, মিরপুর, ঢাকা এর ১৬-৭-৯৩ ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে ১৪ নং মিরপুর যাত্রী ছাউনী বরাদ্দ সংশ্লিষ্ট আবেদন বিবেচনা করণ (উল্লেখ্য যে মুক্তিযুদ্ধে তাঁহার দুটি হাত অকোজো হইয়া গিয়াছে এবং শরীরের অন্যান্য স্থানে ১৬ টি অপারেশন হইয়াছে)।
- গ্রহীত সিদ্ধান্ত:- বি আর টি সি হইতে অনাপত্তি ছাড়পত্র গ্রহন সাপেক্ষে প্রসূাবিত স্থানে আপাততঃ ১ বৎসরের জন্য ব্যবসা পরিচালনার জন্য পংগু মুক্তিযোদ্ধা মহিউদ্দিন আহমদকে বিশেষ বিবেচনায় অনুমতি দেওয়া গেল।

প্রস্তাব নং-১৮ঃ ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের পশ্চিম পার্শ্ব পার্কের কোনায় লেট্রিন নির্মানের সাইটিং বোর্ড গঠন করণ।

স্থীত সিদ্ধান্তঃ- ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের পশ্চিম পার্শ্ব পার্কের কোনায় লেট্রিন নির্মানের বিষিত নিম্ন বর্ণিত ভাবে একটি সাইটিং বোর্ড গঠন করা গেল :-

- (১) ফ্লাঃলেঃ এ বি এম এ রশিদ (অবঃ) - সভাপতি।  
সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
- (২) জনাব এম, জামান, - সদস্য।  
ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার  
(বির্বাহী প্রকৌশলী)  
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্ট।
- (৩) জনাব মোঃ সাইফুল ইসলাম, - সদস্য।  
সিনিয়র উপ-সহকারী প্রকৌশলী,  
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্ট।

কমিটি যাবতীয় তথ্যাদি সহ আগামী ১৫-৮-৯৩ ইং তারিখের পূর্বে তাঁহাদের প্রতিবেদন পেশ করিবেন।

প্রস্তাব নং-১৯ঃ বিবিধঃ

- (ক) ১৯৯৩ ইং সালের সরকারী/বেসরকারী মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয় সমূহের ছুটির তালিকা পর্যালোচনা করা।
- (খ) ধামালকোট ৩৫ নং প্লটের বাড়ীতে ক্যান্ট বোর্ডের পানির লাইন হইতে পানির সংযোগ স্থাপনের ব্যাপারে মেজর (অবঃ) মোঃ আখতারুজ্জামান, সংসদ সদস্য, এর গত ১০-৬-৯৩ ইং তারিখের আবেদন পত্র বিবেচনা করা।
- (গ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের টেক্সটার বিজ্ঞপ্তিতে অনিয়ম প্রসঙ্গে ফেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের পত্র নং-৬২৪/২/এ, তারিখঃ ০৩-৭-৯৩ ইং এর মাধ্যমে প্রাপ্ত ফ্লাঃলেঃ (অবঃ) এ বি এম এ রশিদের ০২-৭-৯৩ ইং তারিখের পত্র পর্যালোচনা করা।
- (ঘ) ঢাকা ক্যান্টনমেন্ট পোস্ট অফিস সংলগ্ন বি, আর, টি, সি, যাত্রী ছাউনী বরাদ্দ প্রসঙ্গে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, ঢাকা এর পত্র নং-০৬/এস্টেট/১৫-৪৬৫, তারিখঃ ০৪-৭-৯৩ ইং পর্যালোচনা করা।
- (ঙ) মহাখালী ডি ও এইচ এস এলাকায় অফিস/বানিজ্যিক প্রতিষ্ঠান প্রসঙ্গে পুনঃ সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত উক্ত এলাকায় প্লট নং-বি/১৪১ এর মালিক মিসেস মনিরা আজিমের গত ০৮-৭-৯৩ ইং তারিখের এক খানা আবেদন পত্র উপস্থাপন করা গেল।
- (চ) মহাখালী ডি ও এইচ এস এলাকায় নতুন সার্ভিস পরিচালনার নিমিত্ত খালি জায়গা/দোকান বরাদ্দ করনের জন্য মেজর সিরাজুল ইসলাম (অবঃ) ডিএমসি-৩, উত্তর পূর্ব কাকরাইল, ঢাকা সেনানিবাসের ১৫-৭-৯৩ ইং তারিখের আবেদন পত্র বিবেচনা করা।
- (ছ) সেনাপত্নী উচ্চ বিদ্যালয়ের জন্য ৫০ (পঞ্চাশ) জোড়া বেঞ্চ প্রস্তুত করার নিমিত্ত মোট ১,৫০,০০০.০০ টাকার মূল্যানুমান অনুমোদন করা।
- (জ) ক্যান্টনমেন্ট এলাকার ৬৭/সি প্লট বরাদ্দলাভকারী জনাব মোঃ সিরাজুল ইসলামের মৃত্যুর প্রেক্ষিতে তাঁহার ওয়ারিশগণের নামে উক্ত বাড়ী নাম জারীর জন্য গত ১০-৬-৯৩ ইং তারিখে আবেদন করিয়াছেন। এ ব্যাপারে অত্র দপ্তরের আইন উপদেষ্টার ১১-৭-৯৩ ইং তারিখের মতামত সহ সকল কাগজপত্র সভায় উপস্থাপন করা হইল।

- সিদ্ধান্তঃ- (ক) উক্ত ছুটির তালিকা অনুমোদন করা গেল। এই বিষয়ে সংশ্লিষ্ট সকল শিক্ষাপতিষ্ঠানকে অবহিত করার জন্য সি, ই, ও, ঢাকাকে অনুরোধ করা গেল।
- (খ) মাননীয় সংসদ সদস্যের আবেদনের প্রেক্ষিতে বিশেষ বিবেচনায় ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পানির লাইন হইতে তাঁহার ধামালকোটস্থ ৩৫ নং প্লটের বাড়ীতে পানির সংযোগ প্রদানের বিষয় অনুমোদন করা গেল।
- (গ) পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হইল।
- (ঘ) পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হইল।
- (ঙ) বিষয়টি পরবর্তীতে বিবেচনা করা হইবে।
- (চ) পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হইল।
- (ছ) উক্ত মূল্যানুমান অনুমোদন করা গেল। পরবর্তী কার্যক্রমের জন্য সাত্তসে অধিদপ্তরে প্রেরণ করা হইল।
- (জ) ঢাকা ক্যান্টন আবাসিক এলাকায় অবস্থিত ৬৭/সি নং প্লটের ইজারা গ্রহীতা জনাব মোঃ সিরাজুল ইসলামের মৃত্যু জনিত কারণে উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ী তাঁহার বড় ছেলে জনাব এ কে এম মাহবুবুর রহমানের ১৩-৬-৯৩ ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে এবং অত্র দপ্তরের আইন উপদেষ্টার ১৯-৭-৯৩ ইং তারিখে প্রদত্ত আইনগত মতামতের ভিত্তিতে নিম্ন বর্ণিত ওয়ারিশগণের নামে সম্পূর্ণ অবিভক্ত ও অবিভাজ্য অবস্থায় নাম জারি করার অনুমোদন দেওয়া গেল।

- (১) মিসেস মাহমুদা সিরাজ।
- (২) জনাব এ কে এম মাহবুবুর রহমান।
- (৩) ,, এ কে এম মাসুদুর রহমান।
- (৪) ,, মোঃ মজিবুর রহমান।
- (৫) ,, মোঃ মশিউর রহমান।
- (৬) সিতারা ইসলাম।
- (৭) রোশন আরা ইসলাম।

উল্লেখ্য যে গত ২৭-৫-৭১ ইং তারিখের ৪৩২০ নং ইজারা দলিলে বর্ণিত সকল শর্তাবলী উপরোক্ত ওয়ারিশগণ মানিয়া চলিতে বাধ্য থাকিবেন ঘর্মে উপযুক্ত নব-জুডিশিয়াল ফ্যাক্স হালফ নামা প্রদান করিতে হইবে।

উপস্থিত সদস্যদিগকে ধন্যবাদ জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ শেষ করেন।

(মোঃ আবদুল করিম)  
সেক্রেটারী,  
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল মোঃ শাহজাহান মিয়া)  
প্রেসিডেন্ট,  
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।